

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

নং-২৪.০০.০০০০.১১২.৯৯.০০৪.১৬-১৭৭

তারিখ: ১১/০২/২০১৮ খ্রি.

বিষয়ঃ “জাতীয় পাট দিবস-২০১৮” উদযাপন এবং বহুমুখী পাট পণ্যের মেলা আয়োজনে বহুল প্রচারের লক্ষ্যে বহুমুখী পাট পণ্যের বিলবোর্ড, ফেস্টুন/ব্যানার স্থাপনের অনুমতি প্রদান প্রসংগে।

সূত্র: ২৪.০০.০০০০.১১২.০৪.০১৭.১৭-৩৮, তারিখ-২৩/০১/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, আগামী ০৬ মার্চ, ২০১৮ সকাল ১০.০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পাট দিবস-২০১৮ এবং তিন দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উদ্বোধনে সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন। এ লক্ষ্যে আগামী ০১/০৩/২০১৮ হতে ১০/০৩/২০১৮ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীর এয়ারপোর্ট রেল স্টেশন ও কমলাপুর রেল স্টেশন সংলগ্ন এলাকায় বহুমুখী পাট জাত পণ্যের বিলবোর্ড, ফেস্টুন/ব্যানার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই সমস্ত কার্যাবলী মন্ত্রণালয় কর্তৃক মনোনিত ইভেন্টম্যানেজমেন্টের মাধ্যমে সম্পাদন করা হবে।

০২। এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠান ও মেলা উপলক্ষে আগামী ০১/০৩/২০১৮ হতে ১০/০৩/২০১৮ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীর এয়ারপোর্ট রেল স্টেশন ও কমলাপুর রেল স্টেশন সংলগ্ন এলাকায় বহুমুখী পাট পণ্যের বিলবোর্ড, ফেস্টুন/ব্যানার স্থাপনের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নারায়ণ চন্দ্র সরকার
উপসচিব
ফোনঃ ৯৫১৪৪৬৪
motj.ad2@gmail.com

সচিব
রেলপথ মন্ত্রণালয়,
আব্দুল গনি রোড, ঢাকা।

নং-২৪.০০.০০০০.১১২.৯৯.০০৪.১৬-

তারিখ: ১১/০২/২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ ঢাকা।
- ০২। যুগ্মসচিব (পাট-২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব (আইন-১ ও সদস্য সচিব, সার্বিক সমন্বয় কমিটি) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নারায়ণ চন্দ্র সরকার
উপসচিব